



মেয়র আনিসুল হকের উদ্দেশ্যে আসিফের খোলা চিঠি

🕒 প্রকাশিত: ১০:৫৩ এএম, ২২ জানুয়ারি ২০১৬



জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

জনপ্রিয় কণ্ঠশিল্পী আসিফ আকবর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের উদ্দেশ্যে একটি খোলা চিঠি লিখেছেন। শুক্রবার দুপুরে আসিফ তার ভেরিফাইড ফ্যানপেজে স্ট্যাটাসের মাধ্যমে চিঠিটি প্রকাশ করেন।

আসিফের দেওয়া স্ট্যাটাসটি জাগো নিউজের পাঠকদের জন্য হুবহু তুলে ধরা হলো

:

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র শ্রদ্ধেয় আনিসুল হক (প্রিয় আনিস ভাই) অনেক ভালো ভালো কাজ করছেন, ঢাকাবাসী এসব কর্মকাণ্ডে সন্তুষ্ট । আপনার ভেতরে জঞ্জাল সরানোর দৃঢ় প্রত্যয় আমার ভালো লেগেছে। আপনার সাথে আমার ব্যক্তিগত সম্পর্কও যথেষ্ট উষ্ণ ছিলো এবং থাকবে।

আপনি অবৈধ স্থাপনা উচ্ছেদ করছেন,বিলবোর্ডের সার্কাস থেকে মুক্তি দিয়েছেন, যানজট কমানোর চেষ্টা করছেন, নগরবাসীর সুবিধার জন্য যা যা করা দরকার, সীমিত ক্ষমতার মধ্যে কাজ চালিয়ে যাচ্ছেন। আপনি আর সবার মত নন, এটা আমি জানি ,আপনাকে অভিনন্দন ।

আজ সকালে পত্রিকা পড়ে এবং ছবি দেখে মনটা খারাপ হয়ে গেলো । বস্তি উচ্ছেদের ফলে এই প্রচণ্ড শীতের মধ্যে হাজার হাজার বস্তিবাসী গৃহহীন হয়ে ফুটপাতে আশ্রয় নিয়েছে ,যার মধ্যে বৃদ্ধা নারী, শিশুও রয়েছে । ওরাও রক্ত মাংসে গড়া আমাদের মত মানুষ, আশরাফুল মাখলুকাত, রাষ্ট্রের নাগরিক, তাদেরও আছে বেঁচে থাকার সমঅধিকার ।

আমরা আবেগী জাতি, কিছু কিছু বিষয় মেনে নিতে খুব কষ্ট হয়, কারণ সবার উপরে মানুষ সত্য। অবৈধ বস্তি উচ্ছেদ হবে তাতে কোন দ্বিমত নেই, তবে তার আগে পুনর্বাসনের ব্যবস্থা করলে নাগরিক নিরাপত্তা নিশ্চিত হতো এবং আপনার কাছে এটা আশা করতেই পারি। আপনি এগিয়ে যান আপোষহীন গতিতে, এই আশাবাদ রইলো । আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি ।

স্নেহধন্য- আসিফ আকবর

এনই/এএইচ/এমএস